



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd



উত্তম চর্চা

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের খেলোয়ার ও তাঁদের পরিবারের কথা লালন করে ক্রীড়া, খেলাধুলা ও শরীরচর্চায় অবদান রেখেছেন বা রাখছেন তাদের কল্যাণে ১৯৭৫ সালের ৬ আগস্ট 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন' প্রতিষ্ঠার প্রস্তাব সদয় অনুমোদন করেন। ০৯ আগস্ট, ১৯৭৫ তারিখে এতদসংক্রান্ত প্রস্তাবটি গেজেট প্রকাশের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে প্রেরণ করা হয়। কিন্তু গেজেট প্রকাশের পূর্বেই ১৫ আগস্ট, ১৯৭৫ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সপরিবারে নির্মমভাবে শাহাদত বরণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা-এর সানুগ্রহ নির্দেশনায় 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১' (২০১১ সালের ৩নং আইন) প্রণীত হয়েছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ সময়ের চাহিদার প্রেক্ষিতে সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। ফাউন্ডেশনের জনবল নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদয় নির্দেশনায় চলমান বৈশ্বিক করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারীকালে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন অসচ্ছল, অসমর্থ ও অসমর্থ ক্রীড়াসেবীদের পাশে থেকে তাদের আর্থিক সহায়তা প্রদান করেছে। ফাউন্ডেশন কোভিড-১৯ মহামারীর কারণে আর্থিকভাবে অসচ্ছল ৭৭৬৭ (সাত হাজার সাতশত সাতষট্টি) জন অসচ্ছল ক্রীড়াসেবীদের প্রতিজনকে ৫,০০০/- টাকা হারে সর্বমোট ৩,৮৮,৩৫,০০০/- (তিন কোটি আটশি লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা করোনাকালীন বিশেষ অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও ২০২১-২০২২ অর্থবছরে ১৩৫০ জন অসচ্ছল, অসমর্থ ও অসমর্থ ক্রীড়াসেবীদের মাঝে ৩,২৪,০০,০০০/- (তিন কোটি চব্বিশ লক্ষ) টাকা মাসিকভািতা/এককালীন অনুদান প্রদান করা হয়েছে।

উল্লেখ যে, দাপ্তরিক নথিপত্র শ্রেণীবিন্যাস করে সুসজ্জিত রাখা, দাপ্তরিক ও সেবামূলক কর্মকান্ডের পর্যালোচনা করা, কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে নিয়মিত সভা করা, ফাউন্ডেশনের সকল কর্মকর্তা/কর্মচারীর নিয়মিত অফিস উপস্থিতি নিশ্চিতকরণ। বিদ্যুৎ অপচয় রোধে সচেতন থাকা, অফিস প্রাঙ্গনসহ বহিরাঙ্গন নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং ফাউন্ডেশনের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।